

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫১৪

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৪. নারীর যৌনাঙ্গ ও পশ্চাদ্বার এবং পুরুষাঙ্গ স্পর্শ করা সম্পর্কিত বর্ণনা এবং তার বিধান

بَابُ مَا رُوِيَ فِي لَمْسِ الْقُبُلِ وَالدُّبُرِ وَالذَّكْرِ ، وَالْحُكْمُ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا حَمْزَةُ بْنُ الْعَبَّاسِ الْمَرْوَزِيُّ ، ح : وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ الْقَاضِي ، نَا يَحْيَى بْنُ مُعَلَّى بْنِ مَنْصنُورٍ ، قَالَا : نَا عَتِيقُ بْنُ يَعْقُوبَ ، حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ بْنِ حَفْصِ الْعُمَرِيُّ ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ هِشَامِ بْنِ عُرُوةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ عَائِشَةَ ؛ أَنَّ رَسُولَ اللَّهِ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَ : " وَيْلُ لِلَّذِينَ يَمَسُّونَ عَنْ قُرُوجَهُمْ ثُمَّ يُصِلُونَ وَلَا يَتَوَضَّنُونَ " . قَالَتْ عَائِشَةُ : بِأَبِي وَأُمِّي ، هَذَا لِلرِّجَالِ ، أَفَرَأَيْتَ فُرُوجَهُمْ ثُمُّ يُصِلُونَ وَلَا يَتَوَضَّنُونَ " . قَالَتْ عَائِشَةُ : بِأَبِي وَأُمِّي ، هَذَا لِلرِّجَالِ ، أَفَرَأَيْتَ فَرُجَهَا فَلْتَتَوَضَّا لَٰ لِلصَّلَاةِ " . عَبْدُ الرَّحْمَنِ الْعُمَرِيُّ ضَعَيْفً ضَعَيْفً فَرْجَهَا فَلْتَتَوَضَّا لْلصَّلَاةِ " . عَبْدُ الرَّحْمَنِ الْعُمَرِيُّ ضَعَيْفً ضَعَيْفً

বাংলা

৫১৪(৯). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যারা (উযু করার পর) নিজেদের লজ্জাস্থান স্পর্শ করেছে, তারপর নামায পড়েছে কিন্তু (পুনরায়) উযু করেনি, তাদের জন্য পরিতাপ। আয়েশা (রাঃ) বলেন, আমার পিতা-মাতা আপনার জন্য কোরবান হোক! এতো পুরুষদের বেলায়, মহিলাদের বেলায় আপনার মত কি? তিনি বলেনঃ তোমাদের (মহিলাদের) কেউ (উযু করার পর) তার লজ্জাস্থান স্পর্শ করলে সেও যেন (পুনরায়) নামাযের উযুর ন্যায় উযু করে।

আবদুর রহমান আল-উমারী (রহঃ) হাদীসশাস্ত্রে দুর্বল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন